পরীক্ষা নিয়ন্ত্রক অফিস

ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ

স্মারক নং-ইবি/পনি/ফাকা-২০১৭/১৮৪৫ তারিখঃ ০৬-০৫-২০১৭

# ২০১৭ সালে অনুষ্ঠিতব্য ফাযিল (স্নাতক) ১ম বর্ষ (অনিয়মিত), ২য় ও ৩য় বর্ষ পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়ার আওতাধীন ফাযিল স্নাতক ও কামিল স্নাতকোত্তর মাদ্রাসার অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ৩ (তিন) বৎসর মেয়াদী ফাযিল স্নাতক শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী ও প্রাইভেট হিসেবে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ১ম বর্ষ (অনিয়মিত) পরীক্ষা-২০১৬ (**পরীক্ষা শুরুর সম্ভাব্য তারিখ ২৪-০৭-২০১৭**), ২০১৪-১৫ শিক্ষাবর্ষে ফাযিল স্নাতক শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী ও প্রাইভেট হিসেবে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ২য় বর্ষ পরীক্ষা-২০১৬ (**পরীক্ষা শুরুর সম্ভাব্য তারিখ ২৬-০৭-২০১৭**) এবং ২০১৩-১৪ শিক্ষাবর্ষে ফাযিল স্নাতক শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী ও প্রাইভেট হিসেবে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ৩য় বর্ষ পরীক্ষা-২০১৬ (**শুরুর সম্ভাব্য তারিখ ২৪-০৭-২০১৭**) এর আবেদন ফরম অন-লাইনে পূরণ (eFF) এবং প্রয়োজনীয় ফি এর টি.টি জমা দেয়ার নিমিত্তে বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত তফশিল অনুযায়ী সম্পন্ন হবে। পরীক্ষার্থীদের প্রয়োজনীয় ফি Online Banking-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক লিঃ, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা, কুষ্টিয়ার চলতি হিসাব নং-০২০০০০৩০৯৫১৯৪ (ফাযিল কামিল পরীক্ষার ফিস, ইবি) এর মাধ্যমে অথবা যে সমস্ত জায়গায় Online Banking-এর ব্যবস্থা নেই, সে সমস্ত মাদ্রাসা **রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া, চলতি হিসাব নং**-০২০০০০৩০৯৫১৯৪-এর অনুকুলে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা হতে **অগ্রণী ব্যাংক লিঃ ই.বি শাখায় আদায়যোগ্য** টি.টি-এর মারফত জমা দিতে হবে (টিটি করার ক্ষেত্রে কোন সমস্যা দেখা দিলে অগ্রণী ব্যাংক লিঃ ইবি শাখার মোবাইল নং ০১৭৬০-৪০৪৭৩০, ০১৭১৯-৬৬২৪৮২, ০১৭১৯-৭৬৬২৮৮ ও ০১৯১২-৯৮৪৫৮২ তে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)। অগ্রণী ব্যাংক লিঃ, ই.বি শাখা ব্যতিত অন্য কোন শাখার অনুকূলে টিটি করলে তা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ বহন করবেন। **তবে টাকা / টিটি জমার রশিদ ও ওয়েব সাইট থেকে প্রাপ্ত টাকার স্লিপ জমা দিয়ে এ সংক্রান্ত কাজে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট থেকে প্রাপ্তি রশিদ গ্রহণ করতে হবে। বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রাপ্তি রশিদ ব্যতিত এ ফরম পূরণ করা যাবে না এবং Final candidates list ও বের হবে না।** এতদসংক্রান্ত অন্যান্য কার্যক্রম, নিয়মাবলী এবং ফি-এর হার নিম্নে প্রদত্ত হলো।

**বিঃদ্রঃ** সকল বর্ষের জন্য পৃথক পৃথক টাকা/টি.টি'র মাধ্যমে জমা দিতে হবে। টাকা / টি.টি.'র রশিদ এর মূল কপির পিছনে অধ্যক্ষের সিল স্বাক্ষরসহ বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট চট্টগ্রাম, সিলেট ও ঢাকা বিভাগের-ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, শরিয়তপুর ও মাদারীপুর জেলার মাদ্রাসাসমূহ ব্যতিত সমস্ত মাদ্রাসাসমূহ ঢাকাস্থ মাদ্রাসা লিয়াজো অফিসে (বাড়ী নং-০৩, রোড নং-০৫, কল্যাণপুর, ঢাকা) এবং রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ এবং ঢাকা বিভাগের ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, শরিয়তপুর ও মাদারীপুর জেলার মাদ্রাসাসমূহ পরীক্ষা নিয়ন্ত্রক (ভাঃ), ইসলামী বিশ্ববিদ্যালয়-কুষ্টিয়ায় জমা দিতে হবে।

**পরীক্ষা শুরুর সম্ভাব্য তারিখঃ ফাযিল স্নাতক ১ম বর্ষ (অনিয়মিত) ২৪-০৭-২০১৭, ২য় বর্ষ ২৬-০৭-২০১৭ ও ৩য় বর্ষ ২৪-০৭-২০১৭**

## ১. অন-লাইনে (eFF) আবেদন ফরম পূরণ সংক্রান্ত নির্দেশাবলীঃ

| ক্র. নং | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১. | ফাযিল (স্নাতক) ১ম বর্ষ (অনিয়মিত), ২য় ও ৩য় বর্ষ পরীক্ষার্থীদের অন-লাইনে iu.esifbd.com, অথবা iueff.esifbd.com ওয়েবসাইটের মাধ্যমে সম্ভাব্য তালিকা প্রদর্শণ ও টিক চিহ্ন দেওয়ার তারিখ | ১৭-০৫-২০১৭ হতে ২৩-০৫-২০১৭ |
| ২. | প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে বিলম্ব ফি ছাড়া সকল প্রকার পরীক্ষার্থীর পরীক্ষার ফি-এর টাকা /টিটি ব্যাংকে জমা দেয়ার শেষ তারিখ (**eFF** এর **Login Password** এর ক্ষেত্রে **eSIF** এর **Login Password** ব্যবহার করতে হবে। প্রদর্শিত সম্ভাব্য তালিকায় টিক চিহ্ন (√) দিয়ে ওয়েব সাইট থেকে প্রাপ্ত টাকার স্লিপ বের করে ব্যাংকের নিজস্ব টিটি রশিদের মাধ্যমে সম পরিমান টাকা ব্যাংকে জমা দিতে হবে এবং উক্ত ওয়েব সাইটের স্লিপটি অবশ্যই বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রাপ্তি রশিদ গ্রহণের সময় জমা দিতে হবে)। | ২৪-০৫-২০১৭ ও ২৫-০৫-২০১৭ |
| ৩. | বিলম্ব ফি ছাড়া সকল প্রকার পরীক্ষার্থীর ফাযিল (স্নাতক) ১ম বর্ষ (অনিয়মিত), ২য় ও ৩য় বর্ষ পরীক্ষার ফি ও আনুষঙ্গিক ফি জমার রশিদ, অন-লাইনে আবেদন ফরম পূরণ (eFF) এবং আনুষাঙ্গিক কাগজপত্র জমা দেয়ার শেষ তারিখ (অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে) | ২৮-০৫-২০১৭ হতে ৩০-০৫-২০১৭ |
| ৪. | বিলম্ব ফি সহ সকল প্রকার পরীক্ষার্থীর পরীক্ষার ফি-এর টাকা/টিটি ব্যাংকে জমা দেয়ার শেষ তারিখ (**eFF** এর **Login Password** এর ক্ষেত্রে **eSIF** এর **Login Password** ব্যবহার করতে হবে। প্রদর্শিত সম্ভাব্য তালিকায় টিক চিহ্ন (√) দিয়ে ওয়েব সাইট থেকে প্রাপ্ত টাকার স্লিপ বের করে ব্যাংকের নিজস্ব টিটি রশিদের মাধ্যমে সম পরিমান টাকা ব্যাংকে জমা দিতে হবে এবং উক্ত ওয়েব সাইটের স্লিপটি অবশ্যই বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রাপ্তি রশিদ গ্রহণের সময় জমা দিতে হবে)। | ০৪-০৬-২০১৭ |
| ৫. | বিলম্ব ফি-সহ অন-লাইনে আবেদন ফরম পূরণ (eFF) ও আনুষাঙ্গিক কাগজপত্র জমা দেয়ার শেষ তারিখ (অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে) | ০৬-০৬-২০১৭ |
| ৬. | iu.esifbd.com অথবা iueff.esifbd.com ওয়েবসাইট এ পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রদর্শনের তারিখ | ১০-০৬-২০১৭ |

## ২। পরীক্ষার্থীর যোগ্যতা ঃ

ক) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ৩ (তিন) বৎসর মেয়াদী ফাযিল স্নাতক শ্রেণীতে (২০১৪-১৫ ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষসহ) ভর্তিকৃত ছাত্র-ছাত্রী ও প্রাইভেট হিসেবে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ১ম বর্ষ (অনিয়মিত) পরীক্ষা-২০১৬, ২০১৪-১৫ শিক্ষাবর্ষে ফাযিল স্নাতক শ্রেণীতে (২০১৩-১৪ ও ২০১২-২০১৩ শিক্ষাবর্ষসহ) ভর্তিকৃত ছাত্র-ছাত্রী ও প্রাইভেট হিসেবে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ২য় বর্ষ

পরীক্ষা-২০১৬ এবং ২০১৩-১৪ শিক্ষাবর্ষে ফাযিল স্নাতক শ্রেণীতে (২০১২-১৩ ও ২০১১-২০১২ শিক্ষাবর্ষসহ) ভর্তিকৃত ছাত্র-ছাত্রী ও প্রাইভেট হিসেবে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ৩য় বর্ষ পরীক্ষা-২০১৬ এ অংশ গ্রহণ করতে পারবে।

খ) ফাযিল স্নাতক ২য় ও ৩য় বর্ষে যে সকল পরীক্ষার্থী সকল বিষয়ে অংশগ্রহণ করে কোন একটি বিষয়ে অকৃতকার্য হলে তাকে পরবর্তী বছরের (Immediate Year) ২য় ও ৩য় বর্ষের পরীক্ষায় শুধুমাত্র সেই অনুত্তীর্ণ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে। তবে পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীকে অবশ্যই উক্ত বর্ষের পরীক্ষার ফরম Online-এ পূরণ করতে হবে। ঐ বিষয়ে প্রাপ্ত নম্বর পূর্বে প্রাপ্ত বিভিন্ন বিষয়ের মোট নম্বরের সাথে যোগ করে তার ফলাফল নির্ধারিত হবে। এ সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে।

গ) একজন পরীক্ষার্থী ২য় ও ৩য় বর্ষের ফলাফলের গ্রেড উন্নয়ন করতে চাইলে (গ্রেড পয়েন্ট ৫.০০ এর কম) পরবর্তী বছরের ২য় ও ৩য় বর্ষের সাথে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ সুযোগ পরীক্ষার্থী শুধুমাত্র একবারই পাবে। তবে পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থী অবশ্যই উক্ত বর্ষের পরীক্ষার Online-এ গ্রেড উন্নয়ন ফরম পূরণ করতে হবে।

ঘ) ফাযিল স্নাতক শ্রেণীতে যে সকল পরীক্ষার্থী ২য় বর্ষে ১ম বর্ষের অকৃতকার্য কোর্সে পরীক্ষা দিয়ে পুনরায় অকৃতকার্য হয়েছে সেই সমস্ত পরীক্ষার্থী ১ম বর্ষে পুনঃ ভর্তি হয়ে ১ম বর্ষের পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। সেক্ষেত্রে ২য় বর্ষের পরীক্ষা বাতিল বলে গণ্য হবে। তবে পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীকে অবশ্যই উক্ত বর্ষের পরীক্ষার ফরম Online-এ পূরণ করতে হবে। **উল্লেখ্য যে, ফাযিল স্নাতক ১ম বর্ষ (অনিয়মিত) পরীক্ষা-২০১৬-এর পরে ১ম বর্ষের কোন পরীক্ষা নেয়া হবে না।**

ঙ) ফাযিল স্নাতক শ্রেণীতে যে সকল পরীক্ষার্থী ৩য় বর্ষে ২য় বর্ষের অকৃতকার্য কোর্সে পরীক্ষা দিয়ে পুনরায় অকৃতকার্য হয়েছে সে সমস্ত পরীক্ষার্থী ২য় বর্ষে পুনঃ ভর্তি হয়ে ২য় বর্ষের পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। সেক্ষেত্রে ৩য় বর্ষের পরীক্ষা বাতিল বলে গণ্য হবে তবে পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীকে অবশ্যই উক্ত বর্ষের পরীক্ষার ফরম Online পূরণ করতে হবে

চ) ফাযিল স্নাতক শ্রেণীতে যে সকল পরীক্ষার্থী ৩য় বর্ষে কোন একটি কোর্সে অকৃতকার্য হলে সে সমস্ত পরীক্ষার্থী পরবর্তী শিক্ষাবর্ষের সঙ্গে উক্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এক বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীদের বর্ষ অনুসারে Online ফরম পূরণ করতে হবে।

৩। **রেজিষ্ট্রেশন সংক্রান্ত নির্দেশাবলীঃ**

রেজিষ্ট্রেশন নম্বর ছাড়া আবেদন ফরম কোনরুপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ সকল পরীক্ষার্থীর রেজিষ্ট্রেশন কার্ডের নম্বর ও বিষয় কোড সম্পর্কে নিশ্চিত হয়ে ফরম পূরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। **পরীক্ষায় অংশ গ্রহণের সিলেবাস সংক্রান্ত ঃ**

সকল প্রকার পরীক্ষার্থীদেরকে ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃক জারীকৃত ২০০৬-২০০৭ শিক্ষাবর্ষের ফাযিল স্নাতক শ্রেণীর জন্য প্রণীত পাঠক্রম-পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

৫। **অন-লাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলীঃ**

**ক) টাকা/টিটি জমার রশিদ ও ওয়েব সাইট থেকে প্রাপ্ত টাকার স্লিপ জমা দিয়ে এ সংক্রান্ত কাজে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট থেকে প্রাপ্তি রশিদ গ্রহণ করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সীল স্বাক্ষর ব্যতিত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা অন-লাইনে পাওয়া যাবে না। চূড়ান্ত প্রার্থী তালিকা গ্রহণে ব্যর্থ হলে তার দায় দায়িত্ব মাদ্রাসা কর্তৃপক্ষের উপর বর্তাবে। চূড়ান্ত প্রার্থী তালিকা ব্যতিত পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।**

খ) অন-লাইনে ফরম (eFF) পূরণের পর চূড়ান্ত প্রার্থীদের তালিকা (Final Candidates list) Download করে পরীক্ষাথীদের স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় মাদ্রাসা প্রধানের স্বাক্ষর প্রদান করে এক কপি কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা / প্রতিনিধির মাধ্যমে কেন্দ্রের মালামাল / প্রবেশপত্র সংগ্রহের দিন ইবি-এর পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। **চূড়ান্ত প্রার্থীদের তালিকা (Final Candidates list) জমা দেয়া ব্যতিত প্রবেশপত্র প্রদান করা হবে না।**

গ) অসম্পূর্ণ আবেদন কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং এর দায়দায়িত্ব সংশ্লিষ্ট/ মাদ্রাসার অধ্যক্ষ বহন করবেন।

৬। **সকল প্রকার পরীক্ষার্থীর যাবতীয় ফি-এর হার নিম্নোক্ত ছকে দেওয়া হলোঃ**

| পরীক্ষার নাম | পরীক্ষার ফি (প্রতি পত্র) | মান উন্নয়ন ফি প্রতি পত্র (আংশিক / এক পত্রের পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র) | মার্কশীট ফি (প্রতি পরীক্ষার্থী) | মূল সনদপত্র ফি (প্রতি পরীক্ষার্থী) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (প্রতি শিক্ষার্থী) | মোট | বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী (যাদের বেলায় প্রযোজ্য) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ফাযিল স্নাতক ১ম বর্ষ (অনিয়মিত) প্রাইভেটসহ ও ২য় বর্ষ প্রাইভেটসহ পরীক্ষা ২০১৬ | ২০০.০০ | ৩৫০.০০ | - | - | - | ৫.০০ | ৮০৫.০০ (মান উন্নয়ন ব্যতীত) | ৩০০.০০ |
| ফাযিল স্নাতক ৩য় বর্ষ প্রাইভেটসহ পরীক্ষা ২০১৬ | ২০০.০০ | ৩৫০.০০ | ৭৫.০০ | ১৭৫.০০ | ২৭৫.০০ | ৫.০০ | ১,৬৫৫.০০ (মান উন্নয়ন/ ব্যবহারিক ব্যতীত) | ৩০০.০০ |

৭। অন্যান্য ফি-এর হারঃ

ক) ফাযিল স্নাতক ১ম বর্ষ (অনিয়মিত) ও প্রাইভেট, ২য় বর্ষ ও প্রাইভেট ও ৩য় বর্ষ ও প্রাইভেট পরীক্ষা-২০১৬-এর প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফি ৪০০.০০ (চারশত) টাকা (ব্যবহারিক ব্যতীত) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

খ) কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ থেকে সংশ্লিষ্ট কেন্দ্র কর্তৃপক্ষ পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। বিশ্ববিদ্যালয় হতে অলিখিত উত্তরপত্র ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় সরঞ্জামাদি সংগ্রহ এবং পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করার জন্য প্রয়োজনীয় ব্যয় কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে।

৮। ক) পরীক্ষার্থীদের প্রয়োজনীয় ফি Online Banking-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক লিঃ, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা, কুষ্টিয়ার চলতি হিসাব নং-০২০০০০৩০৯৫১৯৪ (ইবি পরীক্ষা ফান্ড) এর মাধ্যমে অথবা যে সমস্ত জায়গায় Online Banking-এর ব্যবস্থা নেই, সে সমস্ত মাদ্রাসা **রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া, চলতি হিসাব নং-০২০০০০৩০৯৫১৯৪**-এর অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোন শাখা হতে **অগ্রণী ব্যাংক লিঃ ই.বি শাখায় আদায়যোগ্য** টি.টি-এর মারফত জমা দিতে হবে (টিটি করার ক্ষেত্রে কোন সমস্যা দেখা দিলে অগ্রণী ব্যাংক লিঃ ইবি শাখার মোবাইল নং ০১৭৬০-৪০৪৭৩০, ০১৭১৯-৬৬২৪৮২, ০১৭১৯-৭৬৬২৮৮ ও ০১৯১২-৯৮৪৫৮২ তে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)। অগ্রণী ব্যাংক লিঃ, ই.বি শাখা ব্যতীত অন্য কোন শাখার অনুকূলে টিটি করলে তা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল বলে গণ্য হবে এবং তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ বহন করবেন। তবে টাকা / টিটি জমার রশিদ ও ওয়েব সাইট থেকে প্রাপ্ত টাকার **স্লিপ** জমা দিয়ে এ সংক্রান্ত কাজে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট থেকে প্রাপ্তি রশিদ গ্রহণ করতে হবে। বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রাপ্তি রশিদ ব্যতিত Online-এ ফরম পূরণ করা যাবে না এবং Final Candidates list বের হবে না । তবে টাকা /টিটি জমার রশিদ ও ওয়েব সাইট থেকে প্রাপ্ত টাকার স্লিপসহ আনুষাঙ্গিক কাগজপত্র উপরে বর্ণিত সময়সূচী অনুযায়ী ইসলামী বিশ্ববিদ্যালয়ের অফিস চলাকালীন সময়ে জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

খ) ব্যাংকে টাকা/টিটি জমার পর নির্ধারিত তারিখের মধ্যে অফিস চলাকালিন সময়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা দিতে হবে এবং তা জমা দানের পূর্বে মাদ্রাসার অধ্যক্ষ টাকা/টিটি জমার রশিদের বিপরীত পৃষ্ঠায় মাদ্রাসার সীলমোহরসহ স্বাক্ষর করবেন।

গ) কোন ক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোষ্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদি বিশ্ববিদ্যালয়ের ফি হিসেবে গ্রহণ করা হবে না।

ঘ) **বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখের পর কোন ক্রমেই পরীক্ষার ফি-এর টাকা/টিটি জমার রশিদ গ্রহণ করা হবে না।**

ঙ) পরীক্ষার ফি এর টাকা জমা দেওয়ার রশিদ ও প্রয়োজনীয় কাগজপত্র অফিস চলাকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে। জমা দেওয়ার সময় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট থেকে সীলস্বাক্ষরকৃত রশিদ অবশ্যই গ্রহণ করতে হবে।

চ) টাকা/টিটি জমা দেওয়ার সময় ইসলামী বিশ্বদ্যিালয়ের হাল নাগাদ অধিভুক্তি নবায়নের ডকুমেন্ট অথবা অধিভুক্তি নবায়নের জন্য আবেদন ফরমের সত্যায়িত কপি জমা দিতে হবে।

৯। <u>অন্যান্য বিষয় সংক্রান্তঃ</u>

ক) অবৈধ রেজিষ্ট্রেশন, বিশ্ববিদ্যালয়ের অনুমতি ছাড়া অবৈধ ভাবে মাদ্রাসা বদলী, রিপোর্টেড ও বহিস্কার হওয়ার কারণে ২০১৫ সালে পরীক্ষা দেয়ার যোগ্য নয় ও অন্য যে কোন ধরনের অবৈধ ছাত্র-ছাত্রীকে পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি দিলে সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষ দায়ী থাকবেন এবং ঐ সমস্ত পরীক্ষার্থীর ফলাফল বাতিল বলে গণ্য হবে।

১০। **অন-লাইনে ফরম পূরণের iu.esifbd.com <u>অথবা</u> iueff.esifbd.com-এ কোন সমস্যা হলে হেল্প ডেক্স নং-০১৯২৪৮৫৮০০৫ এ সাহায্য নেয়া যাবে অথবা ইমেইল controlleriu@gmail.com ও controller@iu.ac.bd যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।**

১১। বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২০১৭ সালে অনুষ্ঠিতব্য ফাযিল স্নাতক ১ম বর্ষ (অনিয়মিত) ও প্রাইভেট, ২য় বর্ষ ও প্রাইভেট এবং ৩য় বর্ষ ও প্রাইভেট পরীক্ষা-২০১৬ সংক্রান্ত নিয়মাবলী সঠিক ভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট মাদ্রাসার অধ্যক্ষগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**(মোঃ আবুল কালাম আজাদ)**
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
ফ্যাক্স ঃ ০৭১-৭৪৯০৭, মোবাইল ঃ ০১৭১৬-১১৮১৮৮

স্মারক নং-ইবি/পনি/ফাকা-২০১৭/১৮৪৫ তারিখঃ ০৬-০৫-২০১৭

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. ভাইস-চ্যান্সেলর, ঢাকা / রাজশাহী/ চট্টগ্রাম/ জাহাঙ্গীর নগর/ বাংলাদেশ কৃষি (ময়মনসিংহ) / বাংলাদেশ প্রকৌশল/ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি / খুলনা / জাতীয় / ইসলামী আরবী/ উন্মুক্ত / বঙ্গবন্ধু শেখ- মুজিব মেডিক্যাল/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/ শের-ই বাংলা/ হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি / মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি / পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি / ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি / চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি / খুলনা প্রকৌশল ও প্রযুক্তি / রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি / জগন্নাথ/ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর/কবি নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।

৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ রাজশাহী/ কুমিল্লা / যশোর / চট্টগ্রাম/ সিলেট/ বরিশাল/ দিনাজপুর/ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৪. রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

৫. ডীন,.........................................অনুষদ, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

৬. জেলা প্রশাসক (সকল জেলা)।

৭. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/ রাজশাহী/ কুমিল্লা / যশোর / চট্টগ্রাম / সিলেট /বরিশাল / দিনাজপুর/ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৮. অতিরিক্ত জেলা প্রশাসক (সকল জেলা)।

৯. উপ-রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, লিয়াজোঁ অফিসঃ রোড নং-৫, বাড়ি নং-৩, কল্যাণপুর, ঢাকা।

১০. অধ্যক্ষ, ..........................................................................................ফাযিল ও কামিল মাদ্রাসা।

১১. সকল কর্মকর্তা, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

১২. ..............................................................................................................................

১৩. **অন-লাইনে ফরম পূরণের iu.esifbd.com <u>অথবা</u> iueff.esifbd.com -এ কোন সমস্যা হলে হেল্প ডেস্ক নং-০১৯২৪৮৫৮০০৫ এ সাহায্য নেয়া যাবে অথবা ইমেইল controlleriu@gmail.com ও controller@iu.ac.bd যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।**

১৪. অফিস কপি।

(মোঃ আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
ফ্যাক্স ঃ ০৭১-৭৪৯০৭, মোবাইল ঃ ০১৭১৬-১১৮১৮৮

# BOOK POST

প্রেরক,
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

প্রাপকঃ